# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**30 MAY 2026** **7:45—7:55 PM**

---

(১) রাজ্যে লোকগণনা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য লোকগণনা সঞ্চালকালয়ের প্রাথমিক প্রস্তুতি সম্পূর্ণ/

(২) আসাম বিধানসভা সচিবালয়ের আর্থিক অনিয়মের অভিযোগের তদন্তের জন্য কমিটি গঠন করা হবে বলে অধ্যক্ষ রঞ্জিত কুমার দাসের প্রকাশ/

(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামীকাল আকাশবাণীর মন কী বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ-বিদেশের জনসাধারণের সঙ্গে মত বিনিময়/

এবং

(৪) কেন্দ্রীয় যুব পরিক্রমা ও ক্রীড়া মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়ার আসন্ন ৩৯ তম জাতীয় ক্রীড়া মহোৎসব-২০২৭ এর প্রস্তুতি সম্পর্কে শিলঙে পর্যালোচনা/

------------------------------------------------------------------------------------

রাজ্যে আসন্ন লোকগণনা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য লোকগণনা সঞ্চালকালয় প্রস্তুতি প্রায় সম্পূর্ন করেছে । এরজন্য ৮৫ হাজার গণনাকারী আধিকারিক নিয়োগ করা হয়েছে । লোকগণনার পরিপ্রেক্ষিতে আগামী ৩১ শে মার্চ পর্যন্ত এই গণনাকারী আধিকারিকদের বদলির ক্ষেত্রে বাধা নিষেধ আরোপ করা হয়েছে ।এ সম্পর্কে গৃহ মন্ত্রণালয়ের জরুরী পত্র লাভ করার পর কর্মচারী বিভাগ সাধারণ প্রশাসন বিভাগের সচিব এবং সব জেলা আয়ুক্তদের নির্দেশ প্রেরণ করেছে ।
রাজ্যে আগামী দোসরা আগস্ট আরম্ভ হওয়া প্রথম পর্যায়ের লোকগণনার জন্য জেলায় জেলায় গৃহ তালিকা ও গৃহ গণনা সম্পর্কীত প্রশিক্ষণ আরম্ভ হয়েছে । ১৭ আগস্ট

থেকে গণনাকারী আধিকারিকরা ঘরে ঘরে গিয়ে জনগণনা করবেন । এই প্রক্রিয়া ১৫ সেপ্টেম্বর পর্যন্ত চলবে ।

দেশের ষোড়শ ও স্বরাজ পরবর্তী ভারতের অষ্টম লোকগণনায় সামাজিক অবস্থা ও জাতিগত গণনাকে ধরে জনসংখ্যা ও গৃহ গণনা অর্ন্তভুক্ত হবে । প্রথম পর্যায়ে ঘরের তালিকা প্রস্তুত করা হবে এবং দ্বিতীয় পর্যায়ে জনসংখ্যার গণনা করা হবে । এর জন্য আগামী বছরের পয়লা এপ্রিলকে ভিত্তি তারিখ হিসেবে নির্ধারণ করা হয়েছে । দেশে এবার প্রথমবারের  জন্য সম্পূর্ন ডিজিটেল প্রক্রিয়ায় লোকগণনা হচ্ছে । এই প্রক্রিয়ায় এন্ডরয়েড এবং আই ও এসের মোবাইল অ্যাপের মাধ্যমে তথ্যসমূহ সংগ্রহ করা হয়েছে । এবারের লোকগণনায় স্ব-গণনারও বিকল্প ব্যাবস্থা করা হয়েছে । লোকগণনায় জনসাধারণ ১৬ টি ভাষায় তথ্য দিতে পারবেন ।

-----------------------------------------------------------------------------------------

চিফ অব ডিফেন্স স্টাফ জেনারেল অনিল চৌহান আজ সামরিক সেবা থেকে বিদায় নিয়েছেন । নতুন দিল্লির জাতীয় যুদ্ধ স্মারকে সেনা বাহিনীর তিনটি-ই শাখার গার্ড অব অনার গ্রহণ করার পর তিনি আনুষ্ঠানিকভাবে সামরিক সেবাকে বিদায় জানান। দেশের শীর্ষ সামরিক আধিকারিক হিসেবে জেনারেল চৌহান সাফল্যের সঙ্গে নিজের কার্যকাল সমাপ্ত করার স্বীকৃতি স্বরূপ যুদ্ধ স্মারকে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয় । সেখানে শ্রদ্ধাঞ্জলি জানানোর পর জেনারেল চৌহান বলেন যে- সেনা বাহিনীর তিনটি শাখার গার্ড অব অনারে সম্মানিত হওয়া তাঁর জন্য অত্যন্ত গৌরবের বিষয় । চার দশকেরও বেশি সময় সামরিক সেবায় অতিক্রান্ত করার পর নিজের অসামরিক জীবনে ফিরে যাওয়ার সময়ে শ্রী চৌহান বলেন যে- নিজের কর্মজীবনে তিনি সন্তুষ্ট ।

উল্লেখ্য- ভারতীয় সেনা বাহিনীতে ১৯৮১ সালে যোগদান করা জেনারেল অনিল চৌহান চল্লিশ বছরেরও বেশি সময় দেশের সেবা করে গেছেন । কর্মজীবনে তিনি সেনা বাহিনীর বিভিন্ন পদে কার্যনির্বাহ করেছেন । তাঁর এই সেবার স্বীকৃতি স্বরূপ জেনারেল চৌহানকে পরম বিশিষ্ট সেবা পদক, উত্তম যুদ্ধ সেবা পদক, অতি বিশিষ্ট সেবা পদক, সেনা পদক এবং বিশিষ্ট সেবা পদকে সম্মানিত করা হয় । লেফটেনান্ট জেনারেল এন এস রাজা সুব্রামণি, জেনারেল চৌহানের স্থলাভিষিক্ত হয়েছেন ।

-----------------------------------------------------------------------------------------

বিগত সময়ে আসাম বিধানসভা সচিবালয়ে আর্থিক অনিয়ম সংঘটিত হয়েছে বলে উত্থাপিত অভিযোগের তদন্ত কমিটি গঠন করা হবে বলে অধ্যক্ষ রঞ্জিত কুমার দাস জানিয়েছেন । নব নিযুক্ত অধ্যক্ষ আজ বড়পেটায় এক অনুষ্ঠানে বলেন যে- রাজ্য

সরকার বিভিন্ন বিভাগে পদোন্নতি এবং নিযুক্তি প্রক্রিয়ায় আরো স্বচ্ছতা আনার ক্ষেত্রে পদক্ষেপ গ্রহণ করেছে । এবং বিধানসভা থেকেই এর সূচনা করা হয়েছে । সম্প্রতি বিধানসভা সচিবালয়ের বারোজন ঠিকাভিত্তিক অবসরপ্রাপ্ত আধিকারিক কর্মচারীকে তাদের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া সম্পর্কে প্রতিক্রিয়া প্রকাশ করে শ্রী দাস বলেন যে- এদের অবসরের পর পুনরায় নিযুক্তি দেওয়া হয়েছিল । বিধানসভার সদ্য প্রাক্তন প্রধান সচিবও নির্ধারিত সময়ের দুবছর বেশি কাজ করার পর পুনরায় কেজে যোগ দিয়েছিলেন । এধরণের পুনরায় নিযুক্তি এবং কার্যকাল বৃদ্ধির মতো পদক্ষেপই পদোন্নতি প্রক্রিয়ায় বাধা সৃষ্টি করে বলে অধ্যক্ষ মন্তব্য করেছেন । তিনি একইসঙ্গে বিধানসভায় অযৌক্তিকভাবে অত্যধিক কর্মচারী নিয়োজিত রয়েছেন বলেও দাবী করেন ।

---------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এবং মেঘালয়ের মুখ্যমন্ত্রী কনরাড কে সাংমা উভয় রাজ্যের আন্তঃরাজ্য সীমা সমস্যার স্থায়ী সমাধানের পথে অগ্রসর হওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছেন । আসাম-মেঘালয়ের দীর্ঘদিনের সীমা সমস্যা সমাধানের লক্ষ্যে মেঘালয়ের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এক প্রতিনিধি দল গতকাল দিসপুর লোকসেবা ভবনে মুখ্যমন্ত্রী ডঃ শর্মার সঙ্গে আলোচনায় মিলিত হন । সামাজিক মাধ্যমের এক বার্তায় ডঃ শর্মা বলেন যে- এই আলোচনাকালে তারা আসাম-মেঘালয় সীমান্তের বিষয় ছাড়াও বিভিন্ন আর্ন্তজাতিক প্রসঙ্গেও মত বিনিময় করেন । তারা একইসঙ্গে ‘এক ভারত- শ্রেষ্ঠ ভারত’এর দর্শনকে সামনে রেখে আসাম ও মেঘালয়ের বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধি সহ অষ্টলক্ষ্মী অঞ্চলের বিকাশ ত্বরান্বিত করার নতুন নতুন সম্ভাবনা সমূহের অন্বেষণ সম্পর্কেও আলোচনা করেছেন ।

উল্লেখ্য- আসাম ও মেঘালয়ের মধ্যে ৮৮৪ দশমিক ৯ কিলোমিটার দৈর্ঘ্যের আন্তঃরাজ্য সীমা সহ এর বারোটি স্থানকে নিয়ে দীর্ঘদিন ধরে বিবাদ চলে আসছে ।

---------------------------------------------------------------------------------

বিশ্ববিদ্যালয় অনুদান কমিশন ( ইউ জি সি ) শিক্ষার্থীদের অধ্যয়নের সময় ব্যাবহারিকভাবে দক্ষ করে তোলার লক্ষ্যে বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে । সে অনুসারে কমিশন কর্মদক্ষতা বৃদ্ধি ও ছাত্র ছাত্রীর মধ্যে গবেষণামূলক মানসিকতা গড়ে তোলার উদ্দেশ্যে স্নাতক পর্যায়ে ইন্টার্ণশিপ বাধ্যতামূলক করেছে । ইউ জি সির তথ্য অনুসারে অধ্যয়নের সমান্তরালভাবে ছাত্র ছাত্রীদের মধ্যে যাতে চাকুরী করার ব্যাবহারিক দক্ষতা গড়ে ওঠে তার জন্য এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । কমিশন ভবিষ্যতে উচ্চ শিক্ষার জন্য গবেষণায় ব্রতী হতে চাওয়া ছাত্র ছাত্রীদের রিসার্চ টুলস-ডাটা-এনালাইসিস -লেবরেটরী প্রকল্পের বাস্তব অভিজ্ঞতা দেবারও ব্যবস্থা করেছে । ইউ জি সি এ সম্পর্কে

ইতিমধ্যে নির্দেশনা জারি করেছে । নির্দেশনা অনুসারে কমিশনের দ্বারা স্বীকৃতিপ্রাপ্ত কলেজ বা বিশ্ববিদ্যালয়ের কলা- বিজ্ঞান - বাণিজ্য সহ সব শাখার চার বছরের স্নাতক পাঠ্যক্রমের শিক্ষার্থীদের জন্য এই ইন্টার্নশিপ বাধ্যতামূলক হবে । এছাড়াও তিন বছরের স্নাতক পাঠ্যক্রমে অধ্যয়নরত ছাত্র ছাত্রীদের জন্যও ইন্টার্ণশিপের জন্য আবেদন আবেদন দাখিলের পথ প্রশস্ত রাখা হয়েছে । ইউ জি সি অনার্স তথা ইউ জি সি ইউ জি সি অনার্স উইথ রিসার্চ পাঠ্যক্রমের শিক্ষার্থীদের যেকোন বেসরকারী বা সরকারী সংস্থায় ইন্টার্ণশিপ করতে হবে । সব শিক্ষার্থীদের চতুর্থ ষান্মাসিক অর্থাৎ দ্বিতীয় বর্ষ শেষ হবার পর প্রশিক্ষণ গ্রহণ করতে হবে । এই প্রশিক্ষণ ৬০ থেকে ১২০ ঘন্টার হবে । তবে চার বছরের অনার্স উইথ রিসার্চ পাঠ্যক্রমে অধ্যয়নরত শিক্ষার্থীদের অষ্টম ষান্মাসিকে ৩৬০ ঘন্টা অর্থাৎ সম্পূর্ণ ছয়মাসেই রিসার্চ প্রজেক্ট অথবা থিসিস জমা দেওয়া বাধ্যতামূলক করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণী যোগে প্রচারিত মন-কি-বাত অনুষ্ঠানে দেশ-বিদেশের জনসাধারণের সঙ্গে মত বিনিময় করবেন । এটি হবে এই অনুষ্ঠানের ১শো ৩৪তম পর্ব ।

এই অনুষ্ঠান আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি নেটওয়র্ক ছাড়াও আকাশবাণীর ওয়েবসাইট এবং নিউজ অন এ আই আর মোবাইল অ্যাপের মাধ্যমে শোনা যাবে । প্রধানমন্ত্রীর কার্যালয় ,তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় , আকাশবাণী ও দূরদর্শনের ইউটিউব চ্যানেলের মাধ্যমেও এই অনুষ্ঠান প্রচার করা হবে । আকাশবাণী অনুষ্ঠানটি প্রচারের অব্যবহিত পরেই আঞ্চলিক ভাষায় অনুবাদ প্রচার করবে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় যুব পরিক্রমা ও ক্রীড়া মন্ত্রী ড.মনসুখ মান্ডভিয়া এবং মেঘালয়ের মূখ্যমন্ত্রী কনরাড কে সাংমা আজ শিলংয়ের পলো এলাকায় একটি ক্রীড়া প্রাঙ্গণের উদ্বোধন করেছেন । ৩৯ তম জাতীয় ক্রীড়া মহোৎসবের জন্য মেঘালয়কে আয়োজক রাজ্য হিসেবে বাছাই করার বিষয়েও আজ একটি চুক্তি সম্পাদিত হয়েছে । এই মহোৎসবে মেঘালয়কে অগ্রণী ভুমিকা পালনের দায়িত্ব দেবার পাশাপাশি উত্তর-পূর্বাঞ্চলের অন্যান্য রাজ্যে বিভিন্ন বিভাগের খেলা আয়োজনের ক্ষেত্রেও অগ্রাধিকার দেওয়া হবে । এ উপলক্ষ্যে আয়োজিত অনুসঠানে কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে মেঘালয়ের অর্থনীতি এবং পরিকাঠামো ক্রমান্বয়ে সুদৃঢ় হয়ে উঠেছে এবং দেশের মোট ঘরোয়া উৎপাদনের ক্ষেত্রে রাজ্যটির অবদান বৃদ্ধি পেয়েছে । মেঘালয়ে একটি উন্নয়ন কেন্দ্র স্থাপন করা হবে বলে শ্রী মান্ডভিয়া ঘোষণা করেন ।

---

৩০৬ নম্বর শিলচর-আইজল জাতীয় সড়কে রুটিন তল্লাশি চালানোর সময় কাছাড় পুলিশ বৃহৎ পরিমাণ নেশাজাত দ্রব্য বাজেয়াপ্ত করেছে । গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল মিজোরাম থেকে আসা একটি বলেরো গাড়িতে তল্লাশি চালিয়ে ৬০ হাজার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করা হয়েছে । যার বাজারমূল্য প্রায় ১৮ কোটি টাকা হবে বলে পুলিশ সুত্রে জানানো হয়েছে । একইসঙ্গে পুলিশ ড্রাগ্স সরবারহের সঙ্গে জড়িত একজনকে গ্রেপ্তার করেছে । ধৃত ব্যক্তিটি মণিপুরের চূড়াচান্দপুর জেলার বাসিন্দা । এই অভিযানে কাছাড়ের অতিরিক্ত পুলিশ সুপার রজত কুমার পল, ধলাই থানার ভারপ্রাপ্ত আধিকারিক সোমেশ্বর কৌর, লায়লাপুর পুলিশ চৌকির ভারপ্রাপ্ত আধিকারিক শুভজিত দত্ত সহ অন্যান্যরা ছিলেন । পুলিশের প্রাথমিক তদন্তে জানা গেছে যে- এই ঘটনাটি আন্তঃরাজ্য ড্রাগ্স সরবরাহ চক্রের সঙ্গে জড়িত থাকার সম্ভাবনা রয়েছে । ঘটনাটির তদন্ত অব্যাহত রয়েছে । আগামীতে এধরণের অভিযান অব্যাহত থাকবে বলে শ্রী পল জানিয়েছেন ।

---

শ্রীভূমি জেলার উত্তর করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের বিধায়ক জাকারিয়া আহমেদ আজ শ্রীগৌরী কমিউনিটি হেলথ সেন্টার পরিদর্শন করে  বিভিন্ন পরিকাঠামোগত ও পরিষেবা সংক্রান্ত সমস্যা সম্পর্কে অবগত হন । তিনি হাসপাতালের ইনচার্জ , চিকিৎসক ,স্বাস্থ্যকর্মী এবং রোগীদের সঙ্গে কথা বলেন এবং হাসপাতালের বর্তমান পরিস্থিতি ও পরিষেবার মান সম্পর্কে খোঁজখবর নেন । উত্তর  করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের প্রতিটি স্বাস্থ্য কেন্দ্রের উন্নয়ন ও আধুনিকীকরণের লক্ষ্যে তিনি কাজ করবেন বলেও আশ্বাস দেন ।

---

শ্রীভূমি জেলার বিদ্যালয়গুলিতে এপ্রিল , মে এবং জুন মাসের প্রধানমন্ত্রী পোষণ যোজনার চাল বরাদ্দ করা হয়েছে । নিম্ন প্রাথমিক এবং ‘ক’শ্রেণীর পড়ুয়াদের জন্য ১০০ গ্রাম করে চাল এবং উচ্চ প্রাথমিক স্কুলগুলির ছাত্রদের জন্য ১৫০ গ্রাম করে চাল বরাদ্দ করা হয়েছে । এপ্রিল মাসের ১৯ দিন , মে মাসের ২৪ দিন এবং জুন মাসে ২৫ দিনের চাল বরাদ্দ করা হয়েছে বলে জেলা আয়ুক্তের এক আদেশে জানানো হয়েছে ।

---

রামকৃষ্ণনগরের শিল্প প্রশিক্ষণ প্রতিষ্ঠান আই টি আই এ ২০২৬-২৭ শিক্ষাবর্ষের বিভিন্ন ট্রেডে ভর্তির জন্য অনলাইন আবেদন গ্রহণ শুরু হয়েছে । আসামের স্থায়ী

বাসিন্দা আগ্রহী প্রার্থীদের নির্ধারিত সময়সীমার মধ্যে অনলাইনে আবেদন করার আহ্বান জানানো হয়েছে । ভর্তির জন্য প্রার্থীদের আই টি আই আসাম ডট এডমিশন ডট এন আই সি ডট ইনটু ওয়েবসাইট দেকতে বলা হয়েছে ।

বিজ্ঞপ্তি অনুযায়ী প্রার্থীদের আগামী ১১ জুন বিকেল ৫ টা পর্যন্ত ই-কাউন্সিলিংয়ের জন্য অনলাইনে নিবন্ধন সম্পন্ন করতে হবে । ১২ জুন পর্যন্ত নিকটবর্তী সরকারী আই টি আইয়ে উপস্থিত হয়ে প্রয়োজনীয় নথিপত্র যাচাই করাতে হবে । বিস্তারিত তথ্যের জন্য রামকৃষ্ণনগরের আই টি আই শ্রীভূমি কার্যালয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------